

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০০৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যে তাসবীহ, তাহমীদ ও তাকবীরের কথা বর্ণনা করলাম, তা সালাতের পর পড়বে; সালাতের মধ্যে নয়- এই মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مَا وَصَفْنَا مِنَ التَّسْبِيحِ وَالتَّحْمِيدِ وَالتَّكْبِيرِ إِنَّمَا أُمر بِاسْتِعْمَالِهِ فِي عَقِبِ الصَّلَاةِ لَا فِي الصَّلَاةِ نَفْسِهَا

আরবী

2009 _ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْتُمَةَ قَالَ: حَدَّثَنَا جَرِيرٌ وَابْنُ عُلَيَّةَ عَنْ عَطْاءِ بْنِ السَّائِبِ عَنْ أَبِيهِ: عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (حَصْلِلَتَانِ لَا يُحْصِيهُمَا رَجُلٌ مُسْلِمٌ إِلَّا دَخُلَ الْجَنَّةَ هُمَا يَسِيرٌ وَمَنْ يَعْمَلُ بِهِمَا قَلِيلٌ يُسْبِّحِ اللَّهَ دُبُرَ كُلِّ صَلَاةٍ عَشْرًا ويَحْمَدُهُ عَشْرًا ويُكَبِّرُ عَشْرًا) قَالَ: فَأَنَا رَأَيْتُ النَّبِيَّ صَلَّى لللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَعْقَدِها بيده قال: فقال: (خمسون ومئة باللسان وألف وخمس مئة فِي المُيزَانِ وَإِذَا أَوَى إِلَى فِرَاشِهِ سَبَّح وحمد وكبَّر مئة فتلك مئة باللِسان وألف وخمس مئة في المُيزَانِ فَأَيْكُمْ يَعْمَلُ فِي اليوم الواحد ألفين وخمس مئة سَيِّنَةٍ قَالَ: كَيْفَ لَا يُحْصِيهِمَا؟ الْمِيزَانِ فَأَيْكُمْ الشَّيْطَانُ وَهُو فِي صَلَاةٍ فَيَقُولُ: اذْكُرْ كَذَا اذْكُرْ كَذَا حَتَى شَعَلَهُ وَلَعَلَهُ وَلَعَلَهُ وَلَعَلَهُ أَنْ لا يعقل ويأتيه في مضعجه فلا يزال يُنَوِّمُهُ حتى ينام) الراوي: عَبْد اللَّهِ بْن عَمْرٍ و المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2009 ا خلاصة حكم المحدث: صحيح - ((الكلم الطيب)) (210), ((صحيح أبي داود)) (1306)) ((تخريج المشكاة)) (2406) , ((صحيح أبي داود)) (1336)

বাংলা

২০০৯. আব্দুল্লাহ বিন আমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "দু'টি বিশেষ আমল যা কোন মুসলিম ব্যক্তি হেফাযত করলে, সে জান্নাতে প্রবেশ করবে। আমল দুটি



পালনে সহজ কিন্তু এর আমলকারীর সংখ্যা কম! আমল দু'টি হলো (১) প্রত্যেক সালাতের পর দশবার সুবহানাল্লাহ বলবে, দশবার আলহামদু লিল্লাহ বলবে, দশবার আল্লাছ আকবার বলবে।" রাবী বলেন, "আমি রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লামকে দেখেছি তিনি তাঁর হাতের আঙ্গুলি গুণে গুণে এগুলো পাঠ করতেন।" রাবী বলেন, "অতঃপর রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "এই হলো জবানে ১৫০বার, আর মীযানের পাল্লায় ১৫০০ বার! (২) আর যখন বিছানায় যাবে, তখন সুবহানাল্লাহ (৩৩বার), আল হামদু লিল্লাহ (৩৩ বার), এবং আল্লাছ আকবার (৩৪ বার মোট) ১০০ বার বলবে, তবে সেটি জবানে ১০০ বার হলেও মীযানের পাল্লায় ১০০০ বার গণ্য হবে! কাজেই তোমাদের মাঝে কে আছে যে দিনে ২৫০০ টি গুনাহ করে? তাঁকে বলা হলো (জিজ্ঞেস করা হলো), "এই দু'টি (বৈশিল্প্ত মানুষ) কিভাবে প্রতিপালন করবে না?" জবাবে রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম বলেন, "যখন তোমাদের কেউ সালাতে থাকে, তখন শয়তান তার কাছে আসে, অতঃপর বলে, "তুমি এটা মনে করো, ওটা মনে করো! এভাবে সে তাকে তাতেই ব্যস্ত রাখে, হয়তো কোন সময় তা অনুধাবন করতেও পারে না। আবার যখন সে বিছানায় আসে, তখন শয়তান সব সময় তাকে ঘুম পাড়ানোর চেষ্টায় রত থাকে, এভাবে এক পর্যায়ে সে ঘুমিয়ে পড়ে।"[1]

ফুটনোট

[1] তিরমিয়ী: ৩৪১০; ইবনু মাজাহ: ৯২৬; হুমাইদী: ৫৮৩; মুসান্নাফ আব্দুর রায্যাক: ৩১৮৯; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৮১৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/২৩৩; ইবনু মাজাহ: ৯২৬; মুসনাদ আহমাদ: ২/৫০২; আবু দাউদ: ৫০৫৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৩৪৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন